



একদিনে স্বর্ণের দাম নতুন রেকর্ডে, রুপার দামও বেড়ে সর্বোচ্চ



সংগৃহীত ছবি

২৪ ঘণ্টার ব্যবধানে দেশের বাজারে স্বর্ণের দাম নতুন রেকর্ডে পৌঁছেছে। বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস) বুধবার (৮ অক্টোবর) রাতে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ২২ ক্যারেটের এক ভরি স্বর্ণের দাম ৬,৯০৬ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয়েছে ২ লাখ ৯ হাজার ১০১ টাকায়। স্থানীয় বাজারে তেজাবি স্বর্ণের মূল্যের বৃদ্ধি এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনা করে এই নতুন দাম নির্ধারণ করা হয়েছে।

নতুন দামের সঙ্গে সরকার নির্ধারিত ৫ শতাংশ ভ্যাট এবং বাজুস-নির্ধারিত ন্যূনতম ৬ শতাংশ মজুরি অবশ্যই যুক্ত করতে হবে। তবে গহনার ডিজাইন ও মানভেদে মজুরি কিছুটা পরিবর্তিত হতে পারে। নতুন দামের প্রেক্ষিতে, ২১ ক্যারেটের স্বর্ণের দাম প্রতি ভরি ১ লাখ ৯৯ হাজার ৫৯৪ টাকা, ১৮ ক্যারেটের দাম ১ লাখ ৭১ হাজার ৮৮ টাকা এবং সনাতন পদ্ধতির দাম ১ লাখ ৪২ হাজার ৩০১ টাকা নির্ধারণ করা হয়েছে।

এর আগে, গত ৭ অক্টোবর বাজুস দেশের বাজারে স্বর্ণের দাম সমন্বয় করেছিল। সেদিন ২২ ক্যারেটের এক ভরি স্বর্ণের দাম ১ হাজার ৪৬৯ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয়েছিল ২ লাখ ২ হাজার ১৯৫ টাকায়। চলতি বছর এখন পর্যন্ত দেশের বাজারে স্বর্ণের দাম মোট ৬৩ বার সমন্বয় করা হয়েছে, যার মধ্যে ৪৫ বার দাম বাড়ানো হয়েছে এবং ১৮ বার কমানো হয়েছে। স্বর্ণের পাশাপাশি রুপার দামও বাড়ানো হয়েছে। ২২ ক্যারেটের এক ভরি রুপার দাম ৩২৭ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয়েছে ৪,৯৮১ টাকায়, যা দেশের ইতিহাসে সর্বোচ্চ। এছাড়া, ২১ ক্যারেটের রুপার দাম ৪,৭৪৭ টাকা, ১৮ ক্যারেটের রুপার দাম ৪,০৭১ টাকা এবং সনাতন পদ্ধতির রুপার দাম ৩,০৫৬ টাকা নির্ধারণ করা হয়েছে। নতুন দাম ৯ অক্টোবর থেকে কার্যকর হবে।